

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.০৪২.৩২০০.০০০.২৭.০৩৬.১৫. ৩৫০

তারিখঃ ০২/২/২০১৬।


বিষয়ঃ গাইবান্ধা জেলা পরিষদের উপসহকারী প্রকৌশলী জনাব মোঃ সিদ্দিকুর রহমানএর বিরুদ্ধে আনীত অভিযোগ সংক্রান্ত।

- সূত্রঃ ১) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০৪২.৩২০০.০০০.২৭.০৩৬.১৫.৩৯, তাং-০৬/১/২০১৬খ্রিঃ।
২) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৫১১.২৭.১৩৫.১৪.৬৬৯, তাং-১/১২/২০১৫খ্রিঃ।
৩) জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-০৫.০০.০০০০.১৮২.৯৯.০০৯.১৫.১০০৩, তারিখঃ ৩০/১১/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে গাইবান্ধা জেলা পরিষদের উপসহকারী প্রকৌশলী জনাব মোঃ সিদ্দিকুর রহমান এর বিরুদ্ধে ডুয়া প্রকল্প কমিটির মাধ্যমে এডিপি বরাদ্দের ১ কোটি ৩৭ লক্ষ টাকা হাতিয়ে নেয়াসহ বিভিন্ন অনিয়ম-দুর্নীতির অভিযোগ উত্থাপন করে জনৈক মফিজুল হক তারা সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বরাবরে আবেদন দাখিল করেন (কপি সংযুক্ত)। এছাড়া স্থানীয় পত্রিকায় জনাব মোঃ সিদ্দিকুর রহমান এর বিরুদ্ধে বিভিন্ন অনিয়মের অভিযোগ উত্থাপিত হয়। উল্লেখ্য, অভিযোগকারী জনাব মফিজুল হক তারা ইতোপূর্বে একই অভিযোগ মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করেছিলেন। মন্ত্রিপরিষদ বিভাগের অনুরোধের প্রেক্ষিতে গাইবান্ধা জেলা পরিষদের উপসহকারী প্রকৌশলী জনাব সিদ্দিকুর রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ তদন্ত করে মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য ১ নং সূত্রোক্ত স্মারকে অনুরোধ জানানো হয়।

০২। এমতাবস্থায়, যেহেতু গাইবান্ধা জেলা পরিষদের উপসহকারী প্রকৌশলী জনাব মোঃ সিদ্দিকুর রহমান এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তপূর্বক মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য ইতোপূর্বে অনুরোধ জানানো হয়েছে সেহেতু উপসহকারী জনাব সিদ্দিকুর রহমান এর বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে প্রেরিত অভিযোগসমূহ একই সাথে তদন্ত করে মতামতসহ প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(জুবাইদা নাসরিন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

পরিচালক
স্থানীয় সরকার, রংপুর।

অনুলিপি-(জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃআঃ-সিনিয়র সহকারী সচিব, শৃঙ্খলা-৩)
- ২। বিভাগীয় কমিশনার, রংপুর।
- ৩। প্রশাসক, জেলা পরিষদ, গাইবান্ধা।
- ৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।